



চিউ হো-সুন
তাইওয়ান

৭-১৬ ডিসেম্বর ২০১২

অধিকারের জন্য লিখুন
অসাধারণ কিছু করুন

চিউ হো-সুনের কাহিনী

চিউ হো-সুন ১৯৮৯ সাল থেকে মৃত্যুদণ্ডদেশ প্রাপ্ত বন্দীদের হাজতে আছেন। যেকোন সময় তার মৃত্যুদণ্ড কার্যকর হতে পারে।

দুই ব্যক্তিকে ১৯৮৮ সালে হত্যার সঙ্গে জড়িত থাকার অভিযোগে তাকে অন্য আরো ১১ জনের সঙ্গে গ্রেফতার করা হয়েছিল। ১২ জনের প্রত্যেকেই জানিয়েছেন যে, বন্দীর পর প্রথম চারমাস তাদেরকে নির্ভল কারাগারে আটক রাখা হয়েছিল, এবং সেসময়ে স্বীকারোক্তি আদায়ের জন্য তাদের উপর নির্যাতন করা হয়েছিল। চিউ হো-সুন জানিয়েছেন যে, স্বীকারোক্তি আদায়ের জন্য তাকে হাত-পা ও চোখ বেঁধে বরফের উপর বসে থাকতে বাধ্য করা হতো এবং এসময়ে ইলেকট্রিক শক দেওয়া ছাড়াও নাকে-মুখে পানি ঢালা হতো ও পাঁচ-ছয়জন পেটাতা। এভাবে স্বীকারোক্তি আদায়ের জেরা একটানা ১০ ঘণ্টা পর্যন্ত চলতো। ফলে তার বাঁ কানের শোনার ক্ষমতা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তিনি মাইগ্রেন সমস্যায় ভুগছেন।

একটি অন্যান্য বিচার শেষে তার সঙ্গী ১১ জনকে কারাদণ্ড প্রদান করা হয় এবং শুধুমাত্র তাকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। ১৯৯৪ সালে মামলার সঙ্গে যুক্ত দু'জন সরকারি প্রসিকিউটর এবং ১০ জন পুলিশ নির্যাতনের মাধ্যমে জোরপূর্বক স্বীকারোক্তি আদায়ের অভিযোগে অভিযুক্ত হন। চিউ হো-সুন কিংবা তার সহ-বিবাদীদের কারো বিরুদ্ধেই অপরাধের সঙ্গে যুক্ত থাকার কোন তথ্যপ্রমাণ হাজির করা সম্ভব হয়নি।

আদালতের রায়ের বিরুদ্ধে করা এক আবেদন অসফল হওয়ার পর ২০১১ সালে চিউ হো-সুন আদালতকে জিজ্ঞাসা করেছিলেন: “আমি কাউকে হত্যা করিনি। আমাকে নির্দোষ বলার মতো সাহস কেন বিচারকদের নেই?”

চিউ হো-সুনের সঙ্গে সংহতি প্রকাশ করুন

চিউ হো-সুন বিশ্বের বিভিন্ন দেশের ছবিসহ সেই দেশের মানুষের কাছ থেকে পোস্ট কার্ড পেতে পছন্দ করবেন। তাকে লিখুন:

Chiou Ho-shun
Taipei Detention Center
No. 2 Li-de Road, Tucheng District
New Taipei County
Taiwan (ROC)

রাষ্ট্রপতিকে লিখুন

■ চিউ হো-সুনের মৃত্যুদণ্ড বন্ধ করার জন্য রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানান। তার ন্যায্য বিচার নিশ্চিত করতে পুনঃবিচারের ব্যবস্থা গ্রহণের আবেদন জানান।

■ তাইওয়ানে মৃত্যুদণ্ড প্রদান ও মৃত্যুদণ্ড কার্যকর করা বন্ধ করতে রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানান, যা তাইওয়ানে মৃত্যুদণ্ড বিলোপের ক্ষেত্রে ভূমিকা রাখবে।

Ma Ying-jeou
President of Republic of China
Office of the President
No. 122, Sec. 1
Chongqing S. Road
Zhongzheng District
Taipei City 10048
Taiwan (ROC)

ফ্যাক্স: +৮৮৬ ২২৩৮৩২৯৪১ কিংবা
+৮৮৬ ২২৩৭১৯২৬৮

সম্বোধন করুন: Your Excellency

AMNESTY
INTERNATIONAL



Amnesty International
International Secretariat
Peter Benenson House
1 Easton Street
London WC1X 0DW
United Kingdom

সেপ্টেম্বর ২০১২
সূচি: ASA 38/002/2012 Bengali

amnesty.org/individuals-at-risk